

## প্রশাসন পরিদপ্তর

নম্বর ৩০.৩৪.০০০০.০৯৪.০৩.০০৬.২০.১৮২

জরুরি  
তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭


৩০ নভেম্বর ২০২০

প্রশাসনিক বিজ্ঞপ্তি নম্বর: ২৮/২০২০

বিষয়: বীর মুক্তিযোদ্ধার নামের পূর্বে সকল ক্ষেত্রে 'বীর' শব্দ ব্যবহার সংক্রান্ত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ২০ অক্টোবর, ২০২০ তারিখে প্রকাশিত গেজেট এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৪ অক্টোবর, ২০২০ তারিখের ৪৮.০০.০০০০.০০১.০৬.১২.২০১৯-৬৪৪ নম্বর প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ এর ধারা ২(১১) এ মুক্তিযোদ্ধাগণকে “বীর মুক্তিযোদ্ধা” হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে। উক্ত আইনের সঙ্গে সঙ্গতি রেখে এবং একাদশ জাতীয় সংসদের ‘মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি’র ১৩তম বৈঠকে সকল ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার নামের পূর্বে ‘বীর’ শব্দটি ব্যবহার করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী বীর মুক্তিযোদ্ধার নামের পূর্বে সকল ক্ষেত্রে ‘বীর’ শব্দটি ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।



২-১২-২০২০

জিয়াউদ্দীন আহমেদ

পরিচালক প্রশাসন

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল)।
- ২) মহাব্যবস্থাপক (সকল)/ অধ্যক্ষ, বিএটিসি/ চিফ অফ ট্রেনিং/ চিফ অফ টেকনিক্যাল/ চিফ অফ ফ্লাইট সেফটি/ চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/ প্রধান প্রকৌশলী (সকল)/ কোম্পানি সেক্রেটারি/ প্রধান চিকিৎসক।
- ৩) সকল উপ-মহাব্যবস্থাপক/ উপ-প্রধান প্রকৌশলী (সকল)/ প্রধান প্রশিক্ষক।
- ৪) ব্যবস্থাপনা পরিচালক-এর ব্যবস্থাপক সমন্বয় -ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির।
- ৫) সকল ব্যবস্থাপক/কান্ট্রি ম্যানেজার/ডিস্ট্রিক্ট ম্যানেজার/ফাইন্যান্স ম্যানেজার/স্টেশন ম্যানেজার।
- ৬) ইনচার্জ (সকল) প্রশাসনিক সেল-সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগ/ উপ-বিভাগ/ শাখাকে অবহিতকরণপূর্বক সংরক্ষণের জন্য।
- ৭) নোটিশ বোর্ড।